গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
প্রশাসন-২ শাখা
শেরে বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

নং- ২১.০০.০০০০.০০৮.১১.০৪৬.২০- ৬৯৫

তারিখ: ০৮ মাঘ, ১৪২৬
২২ জানুয়ারি, ২০২০

বিষয়: নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সংযুক্ত নিয়োগ বিজ্ঞপ্তি এবং জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত আবেদন ফরম সিঙ্গেল স্পেসে, ১০ ফন্টে আগামী ২৪/০১/২০২০খ্রিঃ তারিখের মধ্যে আপনার পত্রিকার ভিতরের পৃষ্ঠায় সমগ্র বাংলাদেশে প্রচারিত সংস্করণে (০১ দিন) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

**শর্তাবলী:**

(ক) বিজ্ঞপ্তিটি সকল সংস্করণে প্রকাশিত হতে হবে;
(খ) বিজ্ঞপ্তিটি যতগুলো সংস্করণে প্রকাশিত হোক না কেন তা একটি সংস্করণে প্রকাশিত হয়েছে মর্মে গণ্য করতে এবং শুধুমাত্র ১টি সংস্করণে প্রকাশিত হওয়ার জন্য বিল দাবী করা যাবে;
(গ) নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধপত্রে উল্লিখিত বর্ণনা অনুযায়ী বিল প্রদান করা হবে।
(ঘ) পত্রিকা কর্তৃপক্ষ কর্তৃক শর্ত (ক), (খ) ও (গ) এর ব্যত্যয় ঘটানো হলে তার দায়-দায়িত্ব কর্তৃপক্ষ বহন করবে না।

**সংযুক্তি:** ০৩ (তিন) পাতা।

Tahmina Zakaria
22/01/2020

(তাহমিনা জাকারিয়া)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯১১৮২০১

**বিতরণ:**

১. বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক সমকাল, ১৩৬, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
২. বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ইত্তেফাক, ৪০ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
৩. সিস্টেম এনালিষ্ট, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, ঢাকা (নিয়োগ বিজ্ঞপ্তি এবং জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত আবেদন ফরম আইএমইডি'র ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।)

**অনুলিপি:**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, ঢাকা। (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. যুগ্মসচিব (প্রশাসন),বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, ঢাকা। (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

I:\Requitment 2020\Notice appoint-1.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
প্রশাসন-২ শাখা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.imed.gov.bd

নং- ২১.০০.০০০০.০০৮.১১.০৪৬.২০- ৭৯৮ তারিখ: ২২/০১/২০২০খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের রাজস্ব খাতভুক্ত ৩য় ও ৪র্থ শ্রেণির পদসমূহ অস্থায়ী ভিত্তিতে সরাসরি পূরণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | জাঃবেঃ স্কেল, ২০১৫ | শিক্ষাগত যোগ্যতা | নিম্নোক্ত জেলাসমূহের প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| ১। | কম্পিউটার অপারেটর | ৫ (পাঁচ) | ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজীতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | (ক) গাজীপুর, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, টাঙ্গাইল, নেত্রকোনা, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, কুমিল্লা, খাগড়াছড়ি, রাংগামাটি, জয়পুরহাট, পাবনা, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, ঠাকুরগাঁও, ঝিনাইদহ, নড়াইল, সাতক্ষীরা, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ভোলা, বরগুনা, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ।<br><br>(খ) এতিম ও শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | হিসাবরক্ষক | ১ (এক) | ১১৩০০-২৭৩০০/- (গ্রেড-১২) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রী;<br>(খ) কম্পিউটারে Word Processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৩. | ক্যাশিয়ার | ২ (দুই) | ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী;<br>(খ) কম্পিউটারে Word Processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৪. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১ (এক) | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | (ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ।<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত<br>(গ) বাংলা ও ইংরেজী টাইপিং-এ প্রতি মিনিটে যথাক্রমে কমপক্ষে ২০ ও ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে।<br>(ঘ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৫. | অফিস সহায়ক (এমএলএসএস) | ৮ (আট) | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | (ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | (ক) ঢাকা, গাজীপুর, নারায়নগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, নোয়াখালী, রাংগামাটি, জয়পুরহাট, সিরাজগঞ্জ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, দিনাজপুর, লালামনিরহাট, পঞ্চগড়, ঠাকুরগাঁও, যশোর, নড়াইল, বাগেরহাট, চুয়াডাঙ্গা, মেহেরপুর, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ।<br><br>(খ) এতিম ও শারিরীক প্রতিবন্ধীর ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

অপর পাতায়

নিম্নবর্ণিত শর্তগুলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়:

(১) এতিম এবং শারীরিক প্রতিবন্ধী কোটায় যে কোন জেলার বাসিন্দাগণ আবেদন করতে পারবেন।

(২) প্রার্থীদের নিম্নের চাকরির আবেদন ফরম হুবহু অনুসরণ করে পূরণক্রমে আবেদনপত্র ডাকযোগে আগামী ১৭/০২/২০২০ খ্রিঃ তারিখ বিকেল ৫.০০ ঘটিকার মধ্যে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২ শাখা), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, ব্লক-১১, কক্ষ-০৩, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ এই ঠিকানায় পৌঁছাতে হবে।

(৩) **আবেদনপত্রের খামের উপরে অবশ্যই পদের নাম, নিজ জেলার নাম এবং বিশেষ কোটা(প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম ও যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক একটি ৯.৫" X৪.৫" সাইজের খামে অব্যবহৃত ১০.০০ (দশ) টাকার ডাকটিকিট লাগিয়ে খামটি অবশ্যই আবেদনপত্রের সঙ্গে পাঠাতে হবে।**

(৪) কেবলমাত্র জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক অথবা আইন অনুযায়ী বাংলাদেশের স্থায়ী নাগরিকগণ আবেদন করতে পারবেন।

(৫) আবেদনপত্রের সঙ্গে উপসচিব ও ডিডিও বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা এর অনুকূলে ক্রমিক নং- ১ থেকে ৪নং এ বর্ণিত পদে আবেদনকারীগণ ১০০/-(একশত) টাকা ও ক্রমিক নং ৫-এ বর্ণিত পদে আবেদনকারীগণ ৫০/-(পঞ্চাশ) টাকা অফেরতযোগ্য ট্রেজারি চালান বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোন শাখা থেকে ১-১৫০১-০০০১-২০৩১ নং কোডে জমা প্রদানপূর্বক মূলকপি আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

(৬) আবেদনপত্রের সঙ্গে সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙ্গিন (সত্যায়িত) ছবি এবং এস.এস.সি সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

(৭) ০১/০৭/২০১৯ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(৮) বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ অনুযায়ী বিভাগীয় প্রার্থীগণের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

(৯) (ক) ক্রমিক নং-১ এ বর্ণিত পদ "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯" দ্বারা নিয়ন্ত্রিত হবে;
(খ) ক্রমিক নং ২ ও ৩ এ বর্ণিত পদ "মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮" দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং
(গ) ক্রমিক নং ৪ ও ৫ এ বর্ণিত পদ "বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪" দ্বারা নিয়ন্ত্রিত হবে।

(১০) মৌখিক পরীক্ষার সময় আবেদনকারীকে (ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র (খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কমিশনার/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনপত্র সনদপত্রসহ প্রযোজ্য অন্যান্য সকল সনদ/প্রত্যয়নপত্রের মুলকপি সঙ্গে আনতে হবে।

(১১) শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটার আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পিতা-মাতার/পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের পিতা-মাতার/মাতার পিতা-মাতার মুক্তিযোদ্ধার সনদপত্র।

(১২) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র কন্যা হলে আবেদন পত্রের সাথে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং আবেদনকারীর সাথে সর্ম্পক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিদ্যমান সরকারি নীতিমালা অনুসরণ করা হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

(১৩) সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাষিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।

(১৪) চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের আইএমই বিভাগের তত্বাবধানে ডোপ টেস্ট গ্রহণ করা হবে। উক্ত টেস্ট পজিটিভ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

(১৫) লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১৬) কেহ প্রকৃত তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১৭) নির্ধারিত তারিখের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপিও গ্রহণযোগ্য হবে না।

(১৮) উপরের যে কোন শর্তের লংঘনে আবেদনপত্র বাতিল বলে বিবেচিত হবে এবং বর্ণিত হয়নি এমন কোন শর্ত বা নিয়মের ব্যত্যয় হলে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়োগবিধিমালা অনুসরণ করা হবে।

(১৯) এ নিয়োগ বিজ্ঞপ্তি এবং চাকরির আবেদন ফরম এ বিভাগের ওয়েব সাইটে (www.imed.gov.bd) পাওয়া যাবে।

(২০) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্যপদের সংখ্যা বাড়াতে বা কমাতে পারবেন। শূন্যপদ পূরণের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। নিয়োগ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

22/02/2020

(তাহমিনা জাকারিয়া)
সিনিয়র সহকারী সচিব
আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।

